**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 25-07-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**CM-Review Meeting :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার নাগরিকদের মৌলিক পরিষেবা প্রদান এবং তাদের বিভিন্ন সমস্যা সমাধানে অঙ্গীকারবদ্ধ। এক্ষেত্রে 'সিএম হেল্পলাইন নম্বর-১৯০৫' যেকোন জরুরি প্রয়োজনে মানুষের সঙ্গে সরকারের সেতুবন্ধন তৈরির কাজ করে চলছে। গতকাল সচিবালয়ে সিএম হেল্পলাইন নম্বর-১৯০৫ সহ বিভিন্ন দপ্তরের হেল্পলাইন পোর্টাল বিষয় নিয়ে পর্যালোচনা সভায় তিনি একথা বলেন।

সিএম হেল্পলাইন নম্বর-১৯০৫ সহ বিভিন্ন দপ্তরের চালু হেল্পলাইন নম্বরগুলি মানুষ যাতে প্রয়োজনে ব্যবহার করে এর জন্য আরও বেশি করে সচেতনতার প্রয়োজন রয়েছে বলে তিনি জানান।

****************************

**BSF-Ekinpur :**

সীমান্ত সুরক্ষা বাহিনী-বিএসএফের মহিলা সদস্যদের কল্যাণ ও পরিচালনগত সক্ষমতা বাড়ানোর লক্ষ্যে দক্ষিণ ত্রিপুরার একিনপুরে বাহিনীর ৬৯ ব্যাটেলিয়ানের সীমান্ত ফাঁড়িতে স্টেট অফ দ্য আর্ট মহিলা ব্যারাকের উদ্বোধন হলো। গতকাল বাহিনীর ত্রিপুরা ফ্রন্টিয়ারের আইজি অশ্বিনী কুমার শর্মা এর উদ্বোধন করেন। এই ব্যারাকে মহিলা কর্মীদের সবধরণের আধুনিক সুবিধার ব্যবস্থা রাখার প্রয়াস নেওয়া হয়েছে বলে জানিয়েছেন বাহিনীর আই জি।

######Byte- Ashwini Kumar Sharma#####

*************************************

**PM ON SONOWAL ARTICLE :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারতের বন্দরগুলি সম্প্রসারণ, যান্ত্রিকীকরণ, ডিজিটাইজেশন এবং ব্যবসা করার সহজতার মাধ্যমে বিশ্বব্যাপী বাণিজ্য কেন্দ্রে পরিণত হচ্ছে। বন্দর, জাহাজ চলাচল ও জলপথ মন্ত্রী সর্বানন্দ সোনোয়ালের লেখা একটি নিবন্ধ শেয়ার করার সময় গতকাল শ্রী মোদী একথা জানান। এই নিবন্ধে তিনি উল্লেখ করেছেন, কীভাবে প্রধান জাহাজ নির্মাণ সংস্থাগুলি এখন ভারতীয় সংস্থাগুলির সাথে অংশীদারিত্ব করছে, আরও কর্মসংস্থান এবং বিনিয়োগের পথ প্রশস্ত করছে। শ্রী সোনোয়াল তার নিবন্ধে উল্লেখ করেছেন, ভারতের বন্দরগুলি ঐতিহ্যবাহী লজিস্টিক নোড হিসাবে ভূমিকা অতিক্রম করে আধুনিক বাণিজ্যের প্রবেশদ্বার হয়ে উঠছে।

*****************************

**Media landscape expands :**

তথ্য ও সম্প্রচার মন্ত্রক জানিয়েছে ভারতে ১ লক্ষ ৫৫ হাজারেরও বেশি প্রকাশনা এবং ৯০৮টি বেসরকারি টিভি চ্যানেল সহ একটি প্রাণবন্ত প্রেস এবং মিডিয়া বাস্তুতন্ত্র রয়েছে। লোকসভায় এক লিখিত জবাবে, তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ডঃ এল মুরুগান বলেছেন যে ভারতের প্রেস রেজিস্ট্রার জেনারেলের কাছে নিবন্ধিত প্রকাশনার সংখ্যা ২০১৪-১৫ সালে ১ লক্ষ ৫ হাজার থেকে বেড়ে ২০২৪-২৫ সালে ১ লক্ষ ৫৫ হাজারে দাঁড়িয়েছে। বেসরকারি স্যাটেলাইট টিভি চ্যানেলের সংখ্যাও ২০১৪-১৫ সালে ৮২১ থেকে বেড়ে ২০২৪-২৫ সালে ৯০৮ হয়েছে। আজ পর্যন্ত, ৯২টি বেসরকারি চ্যানেল এবং ৫০টি দূরদর্শন চ্যানেল ডিডি ফ্রি ডিশে পাওয়া যাচ্ছে। বেসরকারি এবং ডিডি উভয় চ্যানেলই বিভিন্ন আঞ্চলিক ভাষায় কাজ করে, যা দেশজুড়ে বৃহত্তর সংখ্যার দর্শকদের পরিষেবা দিচ্ছে।

*****************************

**Launching of scheme :**

ভারতীয় সেনাকর্মী, প্রাক্তন সেনা ও তাদের পরিবারের সদস্যদের জন্য দেশের অন্য রাজ্যগুলির সঙ্গে ত্রিপুরায়ও সৈনিক বোর্ডে আইন সেবা ক্লিনিক চালু হচ্ছে। গতকাল রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী জানিয়েছেন, সুপ্রিম কোর্টের বিচারপতি তথা জাতীয় আইনসেবা কর্তৃপক্ষের এগজিকিউটিভ চেয়ারম্যান সূর্য কান্ত আগামী ২৬ – ২৭শে জুলাই জম্মু কাশ্মিরে আঞ্চলিক সম্মেলনে নালসা বীর পরিবার সহায়তা যোজনার উদ্বোধন করবেন। সেনা কর্মী, প্রাক্তন সৈনিক এবং তাদের পরিবারের সদস্যদের বিনামূল্যে উপযুক্ত আইনি পরিষেবা প্রদানের লক্ষ্যে এই প্রকল্পটি চালু করার উদ্যোগ নেওয়া হয়েছে। আগামী ২৬শে জুলাই এ উপলক্ষে গোর্খাবস্তিতে রাজ্য সৈনিক বোর্ডে অন্য রাজ্যগুলির সঙ্গে ত্রিপুরাতেও আইন সেবা ক্লিনিকের আনুষ্ঠানিক উদ্বোধন হবে। এ উপলক্ষে আইনি সচেতনতা শিবিরেরও আয়োজন করা হবে।

*****************************

**ADC :**

এডিসি এলাকায় ৫০টি স্মোক হাউস নির্মানের জন্য রাজ্য সরকার ৩৭ কোটি ৫০ লক্ষ টাকা অনুমোদন দিয়েছে। অনুমোদিত টাকার মধ্যে ১০ কোটি টাকা ‘সুবর্ণ জয়ন্তী ত্রিপুরা নির্মাণ যোজনা’ বিশেষ প্রকল্পের টাকা। গতকাল এডিসি-র প্রধান প্রশাসনিক ভবনের মিলনায়তনে প্রশাসনিক সংস্কার কমিটির সদস্য সি কে জমাতিয়া এক সাংবাদিক সম্মেলনে একথা জানান। স্মোক হাউস নির্মান প্রকল্প বাস্তবায়নে অতি সত্বর এডিসির ফান্ডে টাকা পাঠানোর জন্য তিনি রাজ্য সরকারের কাছে আবেদন জানান।

*****************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৭শে জুলাই, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৪তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে আজ পর্যন্ত মতামত জানানো যাবে।

****************************

**SM Cup Football-South :**

বিলোনিয়ার বিকেআই মাঠে গতকাল দক্ষিন জেলাভিত্তিক সুব্রত মুখার্জী কাপ ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়। টুর্নামেন্টের উদ্বোধন করেন দক্ষিন জেলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত। জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি, বিলোনিয়া পুর পরিষদের চেয়ারম্যান নিখিল চন্দ্র গোপ প্রমুখ উপস্থিত ছিলেন। টুর্নামেন্টে অনূর্ধ্ব - ১৫ বালক বিভাগে সাব্রুম মহকুমার মনুবনকুল ইভেনেজার, অনূর্ধ্ব - ১৭ বালক বিভাগে সাব্রুমের কলাছড়ার ইভেনেজার হাইস্কুল ও অনূর্ধ্ব - ১৭ বালিকা বিভাগে জোলাইবাড়ির কলসী দ্বাদশ স্কুল চ্যাম্পিয়ান হয়।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলাতে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ ডিগ্রি সেলসিয়াস। গত চব্বিশ ঘন্টায় বৃষ্টিপাতের পরিমান ৮.২ মিলিমিটার।

***************************